

বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৫৪৬

পর্ব - ৩ঃ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ কয়টি কাপড়ে পুরুষকে কাফন দেয়া যায়

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كُفِّنَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فِي ثَلَاثَةِ أَثْوَابٍ بَيْضٍ سَحُولِيَّةٍ مِنْ كُرْسُفٍ، لَيْسَ فِيهَا قَمِيصٌ وَلَا عِمَامَةٌ. مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (1264)، ومسلم (841) سحولية: بضم السين المهملة ويروى بالفتح، نسبة إلى سحول؛ قرية باليمن، وقال الأزهري: بالفتح: المدينة. وبالضم: الثياب. وقيل: النسب إلى القرية بالضم، وأما بالفتح فنسبة إلى القصار؛ لأنه يسحل الثياب؛ أي: ينقيها. الكرسف: بضم الكاف والسين المهملة بينهما راء ساكنة هو: القطن

বাংলা

৫৪৬. 'আয়িশা (রাঃ) হতে বর্ণিত যে, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তিনটি ইয়ামানী সাহুলী সাদা সূতী বস্ত্র দ্বারা কাফন দেয়া হয়েছিল। তার মধ্যে কামীস এবং পাগড়ী ছিল না।[1]

English

A'ishah (RAA) narrated, 'The Messenger of Allah (ﷺ) was shrouded in three pieces of white Yemenite cotton sheets. They did not include either a shirt or a turban.' Agreed upon.

ফুটনোট

[1] বুখারী ১২৬৪, ১২৭১, ১২৭৩, ১২৭২, মুসলিম ৯৪১, তিরমিযী ৯৯৬, নাসায়ী ১৮৯৭, ১৮৯৯, আবু দাউদ ২১৫১, ইবনু মাজাহ ১৪৩৯, আহমাদ ২৩৬০২, ২৪১০৪, ২৪৩৪৮, মুওয়াত্তা মালেক ৫২৮। سَحْوَلِيَّة শব্দটি নিয়ে মতভেদ রয়েছে। কেউ বলেছেন, শব্দটির س বর্ণে পেশ দ্বারা পড়লে অর্থ হবে: ইয়ামানের নগরী। আযহারী বলেছেন: س বর্ণে যাবর দিলে নগরীর নাম আর পেশ দিলে পোশাক-পরিচ্ছদ অর্থ হবে। আবার কেউ কেউ বলেছেন, পেশ দিলে নগরীর নাম আর যাবর দিলে ধোপার অর্থ দিবে। كَرْسَف শব্দের অর্থ قطن তথা তুলা, সুতা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70357>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন